
সংবাদ

তারিখ 24 APR 2003
পৃষ্ঠা ১ কলাম ৩




বিশ্ব গ্রন্থ ও গ্রন্থস্বত্ব দিবসের আলোচনায় বক্তব্য রাখছেন রুকুনউদ্দিন আহমদ।

বিশ্বগ্রন্থ ও গ্রন্থস্বত্ব দিবসের আলোচনা

# নৈতিক আচরণ সম্বন্ধীয় কোড প্রতিষ্ঠাসহ ৮ দফা দাবি

বাংলাদেশ ফ্রানচাইজ অ্যাসোসিয়েশন আয়োজিত সেমিনারে নৈতিক আচরণ সম্বন্ধীয় জাতীয় কোড প্রতিষ্ঠাসহ ৮ দফা দাবি বাস্তবায়নের আহ্বান জানানো হয়েছে।

বুধবার জাতীয় প্রেসক্লাব মিলনায়তনে 'বিশ্ব কপিরাইট আইন : একটি পর্যালোচনা' শীর্ষক এ সেমিনার অনুষ্ঠিত হয়।

সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন এ.বি.এম সাইফ-উদ-দীন বিপ্লব। সেমিনারে বাংলাদেশে গ্রন্থস্বত্ব সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে মতবিনিময় ও শ্রোতাদের অংশগ্রহণে আলোচনা অনুষ্ঠিত হয়।

এক সংবাদ বিজ্ঞপ্তিতে বাংলাদেশ ফ্রানচাইজ অ্যাসোসিয়েশন জানিয়েছে, ইউনেস্কো বিশ্বব্যাপী গ্রন্থ দিবস ও গ্রন্থস্বত্ব দিবস উদযাপনের ডাকে সাড়া দিয়ে এই প্রথম বাংলাদেশ ফ্রানচাইজ অ্যাসোসিয়েশন অনুষ্ঠানের আয়োজন করে।

অনুষ্ঠানে উপস্থিত সকলের অংশগ্রহণ ও মতামতের ভিত্তিতে যেসব বিষয়ে প্রস্তাব ঘোষণা করা হয় তা হলো- নৈতিক আচরণ সম্বন্ধীয় জাতীয় কোড প্রতিষ্ঠা, কোন কিছু প্রকাশ করা বা প্রকাশ না করার ব্যাপারে প্রয়োজনীয় নীতি-পদ্ধতি, আইন ও নিয়মকানুন অন্তর্ভুক্ত, ত্রোরেন্স ও নাইরোবি প্রটোকল চুক্তি সইয়ের পর জাতীয় পুস্তক নীতিমালা প্রণয়ন, গোপনীয়তার ব্যাপারে আন্তর্জাতিক আইনসম্মত নীতি প্রণয়ন, সুপরিকল্পিত সম্পর্ক উন্নয়নে আইনগত বৈদেশিক মন্ত্রণালয় কর্তৃক তা যাচাই, ইউনেস্কোর কনফেডারেশন অনুসারে কপিরাইট সংরক্ষণের আইন, বহির্বিশ্বে নৈতিক প্রভেদের ওপর জাতীয় ভাবমূর্তি রক্ষা ও তাকে প্রাধান্য দেয়া এবং ডব্লিউটিও, আইএফএ, এসপিএফসি ও ডব্লিউএফসি'র দৃষ্টিভঙ্গি অনুসারে ব্র্যান্ডের উন্নয়ন করা।